



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১২২৭

তারিখ: ১৬ কার্তিক ১৪২৯

০১ নভেম্বর ২০২২

বিষয়: খুলনা বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ১৫৯৮ মে.টন আমদানিকৃত গমের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ২৭/১০/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৩০.৫০.০০৩.২২-৯৫০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাগেরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর জেলার এলএসডিসমূহে ওএমএস, কাবিখা, ইপি, ওপি ও অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য খুলনা/মহেশ্বরপাশা সিএসডি/মহেশ্বরপাশা ঘাট/৪ নং ঘাট/৭ নং ঘাট হতে সড়ক/নৌ-পথে আমদানিকৃত গম ডিআরটিসি/ডিবিসিসির মাধ্যমে সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা প্রস্তাবমতে বাগেরহাট, সাতক্ষীরা, ঝিনাইদহ, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর জেলার এলএসডিসমূহে ওএমএস, কাবিখা, ইপি, ওপি ও অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য খুলনা সিএসডি/মহেশ্বরপাশা সিএসডি/মহেশ্বরপাশা ঘাট/৪ নং ঘাট/৭ নং ঘাট হতে সড়ক/নৌ-পথে মোট ১৫৯৮ মে.টন আমদানিকৃত গম ডিআরটিসি/ডিবিসিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : খুলনা বিভাগে আমদানিকৃত গমের চলাচল সূচির অনুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	খুলনা	খুলনা সিএসডি	বাগেরহাট	গাড়ফাবাজার এলএসডি	৪৮	আমদানিকৃত গম	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	চিতলমারী এলএসডি	৫০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	সাতক্ষীরা	সাতক্ষীরা এলএসডি	২০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	বাগেরহাট	মোংলা এলএসডি	১০০	ঐ	নৌপথ	
৫.	ঐ	মহেশ্বরপাশা সিএসডি/ঘাট	ঝিনাইদহ	ঝিনাইদহ এলএসডি	৩০০	ঐ	সড়ক পথ	
৬.	ঐ	ঐ	কুষ্টিয়া	কুষ্টিয়া এলএসডি	৩০০	ঐ	ঐ	

৭.	ঐ	ঐ	ঐ	মিরপুর এলএসডি	১০০	ঐ	ঐ	
৮.	ঐ	ঐ	চুয়াডাংগা	চুয়াডাংগা এলএসডি	৩০০	ঐ	ঐ	
৯.	ঐ	ঐ	মেহেরপুর	মেহেরপুর এলএসডি	২০০	ঐ	ঐ	
				মোট =	১৫৯৮			

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এই অনুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১-১১-২০২২

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.১২২৭/১(৫)

তারিখ: ১৬ কার্তিক ১৪২৯

০১ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



১-১১-২০২২

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপপরিচালক